বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক ইনকিলাব

তারিখ 30 JUN 1989
পৃষ্ঠা 5 কলাম 3

20

১৪

# শিক্ষাঙ্গন

## উচ্চ শিক্ষা ও বই সমস্যা

উচ্চ শিক্ষাই প্রকৃত শিক্ষিত ব্যক্তির যোগ্যতা নির্ণয় করে। উচ্চ শিক্ষিত ব্যক্তি জাতির গৌরব। দেশ ও জাতির পথ প্রদর্শক। তারাই জাতিকে ভবিষ্যতের দিক-নির্দেশনা দিতে পারে। এজন্য উচ্চ শিক্ষার প্রয়োজনীয়তা অনেক বেশী।

আমাদের দেশে শিক্ষিতের হার শতকরা ২৩ জন। তন্মধ্যে উচ্চ শিক্ষার হার তুলনামূলকভাবে লজ্জাজনক। এর অনেক কারণ আছে। তন্মধ্যে প্রধান কারণ হচ্ছে দারিদ্র্যতা। শতকরা ৮০ ভাগ লোক যেখানে দারিদ্র্যসীমার নীচে বসবাস করছে সেখানে উচ্চ শিক্ষার হার মন্থর গতিতে চলাই স্বাভাবিক। অপরদিকে দারিদ্র্যসীমা কাটিয়ে উঠতে হলে শিক্ষা ও সচেতনতারও বিশেষ প্রয়োজন আছে। স্বাধীনতার ১৭ বছর পর মানুষের মধ্যে শিক্ষার প্রতি অনেক সচেতনতা সৃষ্টি হয়েছে। এমনকি এ বছর বাজেটে শিক্ষাখাতে সর্বোচ্চ অর্থের সংস্থান রাখা হয়েছে। দারিদ্র্যতাই উচ্চ শিক্ষার পথে প্রধান প্রতিবন্ধক। এছাড়াও বর্তমানে যে সমস্যাটি সবচেয়ে বেশী প্রকট হয়ে দাঁড়িয়েছে তাহল "বই" সমস্যা। বইয়ের অভাবে ছাত্র-ছাত্রীদের লেখাপড়া ব্যাহত হচ্ছে। বিশ্ববিদ্যালয় পর্যায়ে যে সব বিষয়ের উপর উচ্চ শিক্ষা দেয়া হয় তার অধিকাংশ বই-ই বিদেশী লেখকদের লিখিত ও সম্পাদিত। ফলে একমাত্র বড় বড় বুক স্টলেই এই বই সংগ্রহ করে থাকে। আমদানী সমস্যা চড়া মূল্য ও কম বিক্রির আশংকায় অন্যান্য বুক স্টল এই সমস্ত বই সংগ্রহ করতে চায় না। তাছাড়া সকল ছাত্র-ছাত্রীদের অত মূল্যবান বই কিনে পড়া সম্ভব হয় না। ঢাকা শহরে যে কয়টি লাইব্রেরী আছে তাতে বইয়ের সংখ্যা খুবই কম। এমনকি নির্দিষ্ট লেখকের বই পাওয়া যায় না। এজন্য সংশ্লিষ্ট বিভাগ কোন কার্যকরী পদক্ষেপ গ্রহণ করেননি। বিদেশী ভাষার লিখিত বইগুলো বাংলা ভাষায় অনুবাদ করে স্থানীয়ভাবে প্রকাশ করলে এই সমস্যার অনেকটা সমাধান করা যেত।

বিদেশে প্রকাশিত বই ছাড়াও সম্মান শ্রেণীর মাতৃভাষা বাংলা সাহিত্যের বইগুলোর অধিকাংশই ভারত থেকে আমদানী করতে হয়। কিন্তু আমদানীকারকগণ অধিক মুনাফা অর্জনের জন্যে শুধু বাণিজ্যিক বই সংগ্রহ করে থাকেন। ফলে বই কেনার ইচ্ছা থাকলেও পাওয়া দুষ্কর। বাংলা সাহিত্যের বই বাংলাদেশে না পাওয়া গেলে এর চেয়ে দুঃখজনক কথা আর কি হতে পারে। শুধু স্বল্প সংখ্যক বই পাবলিক লাইব্রেরীতে থাকলেই বই সমস্যার সমাধান হয় না। শিক্ষার মাধ্যম হিসাবে বাংলা ভাষাকে অধিক গুরুত্ব দিয়ে বিদেশী ভাষার বই বাংলায় অনুবাদসহ উচ্চ শিক্ষা ক্ষেত্রে বাংলাকে স্বীকৃতি দিয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ যথাযথ উদ্যোগ গ্রহণ করলে একদিকে বই সমস্যার যেমন সমাধান হবে অন্যদিকে উচ্চ শিক্ষার পথ সুগম হবে।

— মোস্তফা খান